

জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
ছাত্রদল সভাপতি  
শ্রেফতার

■ ইত্তেফাক রিপোর্ট

জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি) শাখা ছাত্রদলের সভাপতি ফয়সাল আহমেদ সজলকে শ্রেফতার করেছে মহানগর পোয়েন্দা পুলিশ (ডিবি)। কৃষ্ণপতিরার সকাল সাড়ে নয়টার দিকে রাজধানীর ধানমন্ডির খিগাতলার একটি বাসা থেকে তাকে শ্রেফতার করা হয়। ঢাকা মেট্রোপলিটন পুলিশের মিডিয়া এন্ড পাবলিক রিলেশন শাখার উপ-কমিশনার নাসিমুর রহমান এ কথা জানিয়েছেন।

জবি ছাত্রদলের যুগ্ম-সাধারণ সম্পাদক আল আশরাফ হামুন শ্রেফতারের বিষয়ে বলেন, সজলকে বাসা থেকে আটক করে রাজধানীর মিষ্টো রোডের ডিবি কার্যালয়ে নিয়ে যাওয়া হয়। তবে কী অভিযোগে তাকে শ্রেফতার করা হয়েছে তা জানা যায়নি। সজলের গ্রামের বাড়ি শরিয়তপুর জেলার সখিপুর থানার মুসিগারি গ্রামে।